

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট
আইইবি ভবন(১৪ তলা), রমনা, ঢাকা-১০০০

অবৈধ আইএসপি স্থাপনায় পরিচালিত অভিযান সংক্রান্ত তথ্যঃ

গত ০৫-১১-২০২০ ইং তারিখে রাত ২১.৩০ ঘটিকায় বিটিআরসি'র এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট-এর দুইজন পরিদর্শক এবং র‍্যাব-১১, সিপিসি-২, কুমিল্লা এর সদস্যগণের সমন্বয়ে গঠিত যৌথ দল চাঁদপুর জেলার কচুয়া থানাধীন জগতপুর এলাকায় অবৈধ ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে সফলভাবে অভিযান পরিচালনা করেন। উক্ত অভিযানে নিম্নোক্ত অবৈধ টেলিযোগাযোগ যন্ত্রপাতি জব্দ করা হয়ঃ

অভিযানে জব্দকৃত যন্ত্রপাতির বিবরণঃ

ক্রম	যন্ত্রপাতির নাম	পরিমাণ
০১	মাইক্রোটিক রাউটার	০১
০২	মাইক্রোটিক সুইচ	০১
০৩	OLT	০২
০৪	ল্যাপটপ	০১
০৫	Media converter	০২
০৬	Tenda Home Router	০১

অবৈধ ইন্টারনেট সেবা প্রদানে জড়িত থাকায় উক্ত অভিযানে একজনকে গ্রেফতার করা হয়েছে এবং টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ৩৫(২) ধারায় কচুয়া থানায় মামলা রুজু করতঃ আসামীকে থানায় সোপর্দ করা হয়েছে।

অভিযানের কিছু স্থির চিত্রঃ



অবৈধ আইএসপি সেবাদানকারীর অফিস



অফিসে স্থাপনকৃত অবৈধ যন্ত্রপাতি